

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

এফ,ই সার্কুলার নং ০২

ফাল্গুন ১৪, ১৪১২
তারিখ :-----
ফেব্রুয়ারী ২৬, ২০০৬

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

**“এস এস নরওয়ে” নামক পরিবেশ ও মানবদেহের জন্য হুমকিস্বরূপ
জাহাজ বাংলাদেশে আমদানি রোধকল্পে কার্যক্রম গ্রহণ প্রসংগে।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমুদ্র পরিবহন অধিদপ্তর এ মর্মে অবহিত করেছে যে, “এস এস নরওয়ে” নামক পরিবেশ ও মানবদেহের জন্য মারাত্মক হুমকিস্বরূপ একটি জাহাজ বাংলাদেশে ভাঙ্গার জন্য স্বনামে বা বেনামে আমদানির প্রচেষ্টা চলছে। যে কোন জাহাজের প্রকৃত পরিচয় সমুদ্র পরিবহন অধিদপ্তর কর্তৃক সনাক্ত করা সম্ভব বিধায় উক্ত জাহাজ অথবা অনুরূপ কোন ক্ষতিকারক জাহাজ যাতে কোন আমদানিকারক বাংলাদেশে আমদানি করতে না পারে সে লক্ষ্যে বিদেশ হতে যে কোন সমুদ্রগামী জাহাজ বাংলাদেশে আমদানির নিমিত্তে এলসি খোলার পূর্বে সমুদ্র পরিবহন অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনাপত্তি সনদ গ্রহণ করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন এবং সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার খালিদুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৩৭৫